



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালক কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
lddp.portal.gov.bd

স্মারক নংঃ ৩৩.০১.০০০০.৮২৮.১৮.০০৭.২০. ৪০২৭

তারিখঃ ২৪/১১/২০২৪ খ্রি.

বিষয়ঃ এলডিডিপির আওতায় গঠিত ৬৫০০ প্রোডিউসার গ্রুপ এর সাচিবিক কাজ হালনাগাদ করা প্রসঙ্গে।


বর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক কার্যার্থে জানানো যাচ্ছে যে, প্রকল্পের আওতায় ৪৬৬ উপজেলায় মোট ৬৫০০ টি প্রোডিউসার গ্রুপ গঠিত হয়েছে। মাঠ পরিদর্শনে দেখা যায় যে, অনেক পিজি নিয়মিত মিটিং করছে না, সঞ্চয় জমা দিচ্ছে না, এমনকি সঞ্চয় জমা করলেও পাশ বই, ক্যাশ রেজিস্টার, মিটিং রেজিস্টার আপ টু ডেট নয়। ফলে যে উদ্দেশ্যে PG-গঠন করা হয়েছিল, তা ব্যহত হওয়ায় ঝুঁকি দেখা দিয়েছে।

এমতাবস্থায়, আগামী ৮ ডিসেম্বর ২০২৪ এর মধ্যে সকল পিজির সাচিবিক সকল কাজ হালনাগাদ করার প্রয়োজনীয় ও কার্যকর ব্যবস্থা গ্রহণে এলইও, এলএফএ এবং এলএসপিদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং হালনাগাদকরণ নিশ্চিত করার অনুরোধ করা হল। আপনার অনুরূপ নির্দেশনা প্রকল্পে কর্মরত কেউ অমান্য করলে কিংবা গাফিলতি করলে নিম্ন স্বাক্ষরকারীকে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হল।

বিষয়টি আবশ্যিক।

প্রাপকঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা


(ডা. মো: জসিম উদ্দিন)
প্রকল্প পরিচালক (অতিরিক্তি দায়িত্ব)
ফোন- ০২-৫৮১৫৪৯১৩
ই-মেইল- lddp@dls.gov.bd

অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল, ঢাকা, ময়মনসিংহ, সিলেট, চট্টগ্রাম।
- ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট)
- ৪। অফিস কপি।